

# স্কুল খালি করার পরিকল্পনা

ভূমিকা: জরুরি অবস্থার জন্য প্রস্তুতি একটি নিরাপদ সমাজ ও এমনকি একটি নিরাপদ বিশ্বের দিকে প্রথম পদক্ষেপ। নিজের কমিউনিটি কী কী ঝুঁকির মুখে রয়েছে তা জানা থাকলে সেই লক্ষ্য অর্জন সহজ হয়ে যায়। এই কার্যক্রমের ফলে অংশগ্রহণকারীদের পক্ষে পূর্বপরিকল্পনা করে যেকোনো জরুরি অবস্থার জন্য আরও ভালভাবে প্রস্তুত হয়ে থাকা সম্ভব হবে।

## জরুরি পরিকল্পনা কার্যক্রম

### সময়

১ ঘন্টা - চলবে

### জটিলতা

কঠিন

### সরঞ্জাম

বড় কাগজ/পোস্টার বোর্ড,  
রঙিন মার্কার, কলম, টেপ

#### ধাপ ১

- আপনার স্কুল ও আশেপাশের এলাকার একটি মানচিত্র তৈরি করুন, আর বিপর্যয়ের সময় এড়িয়ে চলা উচিত এমন ঝুঁকিপূর্ণ জায়গা বা জিনিস (কাছেপিঠে থাকা নদী, শক্ত করে কোনোকিছুর সাথে আটকানো নয় এমন বইয়ের আলমারি, বৈদ্যুতিক তার, গর্ত ইত্যাদি) চিহ্নিত করুন।

#### ধাপ ২

- স্কুলে জরুরি অবস্থা হলে নিরাপদ আশ্রয়ের জন্য যেতে পারেন এমন দুটি স্থান সবাই মিলে নির্ধারণ করুন। আগে চিহ্নিত করা বিপজ্জনক জায়গা বা জিনিসগুলো এড়িয়ে যেসব পথে নিরাপদ স্থানে পৌঁছানো যেতে পারে সেগুলো ভেবে বের করুন।

#### ধাপ ৩

- স্কুলের প্রশাসকদেরকে মানচিত্র ও নিরাপদ স্থানগুলো দেখিয়ে সেগুলোর ব্যাপারে তাঁদের অনুমতি নিয়ে মানচিত্রটির একটি পরিষ্কার ও চূড়ান্ত অনুলিপি তৈরি করার ব্যবস্থা করুন। এই দুটি জিনিসেরই আরও কপি তৈরি করে এলাকার বিভিন্ন জায়গায় লাগিয়ে দিন।

#### ধাপ ৪

- স্কুলের প্রশাসকদের সহায়তায় বছরে ২ বার স্কুল খালি করার অনুশীলন করুন।

